দৈনিক জনকণ্ঠ
32
তারিখ 12 JAN 1996
পৃষ্ঠা ৫ কলাম ১

# ঢাকা ভার্সিটির ভর্তি পদ্ধতি চূড়ান্ত ॥ ১৫ মার্চ থেকে পরীক্ষা

শরিফুজ্জামান পিন্টু

ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষে ভর্তি পদ্ধতি চূড়ান্ত করা হয়েছে। ব্যাপক রদবদল করা হয়েছে ভর্তি পরীক্ষা ও ভর্তি পদ্ধতিতে। আগামী ১৫ মার্চ থেকে পরীক্ষা শুরু হবে। ভর্তি ফরম প্রদান ও গ্রহণ করা হবে ৭ ফেব্রুয়ারি থেকে ৭ মার্চ পর্যন্ত।

বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় সাধারণ ভর্তি কমিটির সভায় ভর্তি কৌশল নির্ধারণ করা হয়। এতে সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমদ।

সভা সূত্রে জানা যায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির ন্যূনতম যোগ্যতা এ বছর বাড়িয়ে দেয়া হয়েছে। বিজ্ঞান অনুষদে ভর্তির আবেদন করতে হলে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় সর্বমোট ১৩০০ নম্বর থাকতে হবে। কলা, সামাজিক বিজ্ঞান ও বাণিজ্য অনুষদে আবেদনকারীদের থাকতে হবে ১১০০ নম্বর। এসএসসি'র প্রাপ্ত নম্বরের শতকরা চার ও এইচএসসি'র প্রাপ্ত নম্বরের শতকরা ছয় নম্বরসহ লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর সমন্বয়ে মেধা স্কোর গঠন করা হবে। গত বছর এসএসসি'র শতকরা তিন ও এইচএসসি'র শতকরা সাত নম্বর নিয়ে মেধা স্কোর গঠনের সিদ্ধান্ত নেয়া হয়েছিল। এ বছর তৃতীয় বিভাগপ্রাপ্ত কোন ছাত্র কোন অনুষদেই আবেদন করতে পারবে না। গতবছর পর্যন্ত একটিতে প্রথম বিভাগ ও অপরটিতে তৃতীয় বিভাগ থাকলে ভর্তির আবেদন করা যেত।

এদিকে কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদে ১০০ নম্বরের ভর্তি পরীক্ষা নেয়া হবে। এর মধ্যে ৫০ নম্বরের সাধারণ ও মৌলিক জ্ঞানের উপর সংক্ষিপ্ত প্রশ্ন করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। এইচএসসি পাস করা একজন ছাত্রের জানা উচিত; এমন সাধারণ ও সংক্ষিপ্ত প্রশ্ন করা হবে। বাকি ৫০ নম্বর থাকবে বাংলা ও ইংরেজীতে। আগের নিয়মেই তৈরি করা হবে এ দুই বিষয়ের প্রশ্নপত্র। বিজ্ঞান অনুষদে এমসিকিউ চালু করার নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়েছে। অনুষদের নিজস্ব সভায় প্রশ্নপত্রের ধরন ও মান নির্ধারণ করা হবে। বাণিজ্য অনুষদে এমসিকিউ পদ্ধতি চালু হয়েছে। সব মিলিয়ে এবারের প্রতিটি প্রশ্নপত্রে ২৫ থেকে ৩০টি বিষয় অন্তর্ভুক্ত থাকবে না। যে কারণে ওজনেও এটি হবে বেশ হালকা।

এ বছর ভর্তি ফরমের দাম ৫০ টাকা বাড়িয়ে ১শ' ৫০ টাকা করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। আগামী ৭ ফেব্রুয়ারি থেকে একমাস পর্যন্ত ফরম প্রদান ও গ্রহণ করা হবে। ১৫ মার্চ সকাল দশটায় 'ঘ' ইউনিটের (সম্মিলিত), ২১ মার্চ 'গ' ইউনিটের (বাণিজ্য), ২২ মার্চ 'খ' ইউনিটের (কলা ও সামাজিক বিজ্ঞান), ও ২৯ মার্চ 'ক' ইউনিটের (বিজ্ঞান) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারটি অনুষদে প্রায় তিন হাজার আট শ' ছাত্র ছাত্রী ভর্তি করা হবে। ভর্তির নিয়ম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভর্তি বিজ্ঞপ্তি ও ভর্তি ফরমে স্পষ্টভাবে উল্লেখ করবে বলে জানা গেছে।